কৃষিই সমৃদ্ধি

গণপ্রজা তন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান)
কৃষি মন্ত্রণালয়
আঞ্চলিক কার্যালয়, পীরগঞ্জ, রংপুর।
www.birtan.rangpur.gov.bd

স্মারক নং- ১২.০৯.৮৫৭৬.০২৫.০০৩.২৫.০০০১.২৬-২০২

তারিখ: ০৯ কার্তিক১৪৩৩ / ২৫ অক্টোবর ২০২৬

বিষয়ঃ খাদ্যভিত্তিক পুষ্টি (ফলিত পুষ্টি) বিষয়ক ০১ (এক) দিনব্যাপী প্রশিক্ষণ আয়োজন প্রসঙ্গে।

বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান) কৃষি মন্ত্রণালয়ের অধীনস্থ একটি প্রতিষ্ঠান। বারটান দেশে খাদ্য ও পুষ্টি সম্পর্কিত সচেতনতা বৃদ্ধির মাধ্যমে জনস্বাস্থ্যের উন্নয়ন তথা প্রয়োজনীয় সুষম খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণের উদ্দেশ্যে কৃষি সেক্টরে খাদ্য ভিত্তিক পুষ্টি (ফলিত পুষ্টি) কার্যক্রম বাস্তবায়ন করে আসছে। খাদ্যভিত্তিক পুষ্টি বিষয়ক প্রশিক্ষণ ও মাঠ গবেষণা লব্ধজ্ঞান কাজে লাগিয়ে স্বল্প মূল্যে পুষ্টিমান সমৃদ্ধ খাবার গ্রহণ, সুষম খাবার নির্বাচন, বয়স ও রোগভিত্তিক খাদ্য নির্বাচন, বিভিন্ন খাদ্যের পুষ্টিমান বিষয়ে সচেতনতা বৃদ্ধির মাধ্যমে পুষ্টি সমস্যা নিরসনে ভূমিকা রেখে জাতীয় উন্নয়নে বারটান অবদান রাখছে। এরই অংশ হিসেবে বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান) এর রাজস্ব বাজেটের আওতায় আগামী ২৮ এবং ২৯ অক্টোবর' ২০২৬ তারিখে দিনব্যাপী ২ (দুই) ব্যাচ প্রশিক্ষণ কার্যক্রম গাইবান্ধা জেলার সাঘাটা উপজেলায় বাস্তবায়নের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। প্রশিক্ষণার্থীর ধরন, সংখ্যা নিম্নে উল্লেখ করা হলোঃ

ব্যাচ নং	প্রশিক্ষণার্থীর ধরণ	প্রশিক্ষণার্থীর সংখ্যা	প্রশিক্ষণ বাস্তবায়ন	
			তারিখ	স্থান
৯ম ব্যাচ	গৃহবধু/কিষান-কিষাণী	৩০ জন	০১ লা নভেম্বর ২০২৬	প্রশিক্ষণ কক্ষ, উপজেলা কৃষি অফিস, সাঘাটা, গাইবান্ধা।
১০ম ব্যাচ	গৃহবধু/কিষান-কিষাণী	৩০ জন	০১ লা নভেম্বর ২০২৬	প্রশিক্ষণ কক্ষ, উপজেলা কৃষি অফিস, সাঘাটা, গাইবান্ধা।

উল্লেখ্য, অনুমোদিত রাজস্ব বাজেট অনুযায়ী প্রশিক্ষণার্থীবৃন্দ প্রশিক্ষণ ভাতা হিসাবে মাথাপিছু দৈনিক ৫০০/- (পাঁচশত) টাকা মাত্র প্রাপ্য হবেন। এমতাবস্থায়, প্রশিক্ষণার্থী নির্বাচন মনোনয়নের ব্যবস্থা গ্রহণ এবং মনোনীত প্রশিক্ষণার্থীদের **(পূর্বে যারা প্রশিক্ষণ গ্রহণ করেছেন তাদের মনোনয়ন দেওয়া যাবে না)** প্রত্যক অংশগ্রহনকারীর **এনআইডি নম্বরসহ** তালিকা প্রস্তুত পূর্বক প্রশিক্ষণ বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থাগ্রহনের জন্য অনুরোধ করা হলো।

(ড. মো: ছাদেকুল ইসলাম)
উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা ও প্রধান

উপজেলা কৃষি অফিসার
সাঘাটা, গাইবান্ধা।

অনুলিপি বিতরণঃ সদয় কার্যার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।
০১। পরিচালক, বারটান প্রধান কার্যালয়, বিশনান্দ, আড়াইহাজার, নারায়নগঞ্জ।
০২। উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, সাঘাটা, গাইবান্ধা।
০৩। প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, (আঞ্চলিক কার্যালয় ও প্রশিক্ষণ), বারটান প্রধান কার্যালয়,বিশনন্দি আড়াইহাজার, নারায়নগঞ্জ।
০৪। সহকারী বৈজ্ঞানিক কর্মকর্তা, বারটান আঞ্চলিক কার্যালয়, পীরগঞ্জ, রংপুর [প্রশিক্ষণের সার্বিক ব্যবস্থা গ্রহনের জন্য বলা হলো]।
০৫। নির্বাহী পরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী [নির্বাহী পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য]।
০৬। আইসিটি (ফোকাল), বারটান আঞ্চলিক কার্যালয়, পীরগঞ্জ, রংপুর [পত্রটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো]।
০৭। অফিস কপি/সংশ্লিষ্ট নথি।